**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 17-08-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রক্তদানের পাশাপাশি শরীরের বিভিন্ন অঙ্গদান করার ওপর গুরুত্ব আরোপ করেছেন ।**

**(২) জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন রাজ্যের টিলা অঞ্চলের অনাবাদি ভূমিকে কাজে লাগাতে মুখ্যমন্ত্রী রাবার মিশন প্রকল্পে প্রশাসনিক উদ্যোগ জোরদার করা হয়েছে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে প্রায় ১১ হাজার কোটি টাকা মূল্যের দুটি প্রধান জাতীয় মহাসড়ক প্রকল্পের উদ্বোধন করেন।**

**(৪) ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের উদ্যোগে আজ কলকাতার দুই বড় দল ইস্টবেঙ্গল ও মোহনবাগানের প্রাক্তন ফুটবলারদের মধ্যে এক প্রীতি ফুটবল ম্যাচ আগরতলায় অনুষ্ঠিত হয় ।**

*************************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রক্তদানের পাশাপাশি শরীরের বিভিন্ন অঙ্গদান করার ওপর গুরুত্ব আরোপ করেছেন। আজ দমদমিয়া সি আর পি এফ-এর গ্রোথ সেন্টারে রক্তদান শিবিরের উদ্বোধন করে তিনি বক্তব্য রাখছিলেন। মুখ্যমন্ত্রী 'হর ঘর তিরঙ্গা' কর্মসূচি সম্পর্কে বলেন, প্রধানমন্ত্রীর নেতৃত্বে এই কর্মসূচি আমাদের দেশাত্মবোধে উদ্বুদ্ধ করে তুলেছে। অনুষ্ঠানে সিআরপিএফের ত্রিপুরা সেক্টরের আইজি বিমল কুমার বিস্ত বলেন, রাজ্যে কঠিন পরিস্থিতিতে জঙ্গি মোকাবেলায় সিআরপিএফ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এখন রাজ্যে শান্তি শৃঙ্খলা বজায় রাখতে কাজ করছে সিআরপিএফ। রাজ্য স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা: তপন মজুমদার অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

****************************

**Bikash Debbarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন রাজ্যের টিলা অঞ্চলের অনাবাদি ভূমিকে কাজে লাগাতে মুখ্যমন্ত্রী রাবার মিশন প্রকল্পে প্রশাসনিক উদ্যোগ জোরদার করা হয়েছে। সরকারের লক্ষ্য টিলা জমিতে রাবার চারা রোপণের মাধ্যমে জনজাতি পরিবারগুলিকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে তোলা এবং দীর্ঘমেয়াদে গ্রামীণ অর্থনীতিকে নতুন গতি দেওয়া। আজ তেলিয়ামুড়া মহকুমার মুঙ্গিয়াকামি ব্লকের অধীন বিভিন্ন পাহাড়ি এলাকা পরিদর্শনে গিয়ে একথা বলেন তিনি। এলাকার মানুষের সঙ্গে মতবিনিময় সভায় মন্ত্রী বলেন, রাবার মিশন সফলভাবে বাস্তবায়িত হলে শুধু পাহাড়ি অঞ্চলে কর্মসংস্থানই বাড়বে না, বরং অর্থনৈতিক উন্নয়নের নতুন দিগন্ত উন্মোচিত হবে।

#####Byte-Bikash Debbarma######

মন্ত্রী জানান, তেলিয়ামুড়া মহকুমার মুঙ্গিয়াকামি ব্লকের অধীনে প্রায় ১ হাজার হেক্টর টিলা জমি রয়েছে। বর্তমানে সেখানে সীমিত আকারে কৃষিকাজ বা জুম চাষ হয়। মুখ্যমন্ত্রী রাবার মিশন প্রকল্পে আওতায় এই জমিতে রাবার চারা রোপণ করলে পাহাড়ি পরিবারগুলির দীর্ঘস্থায়ী আয়ের পথ সুগম হবে বলে আশা ব্যক্ত করেন তিনি।

****************************

**Pradyot Kishore Debbarman :**

তিপ্রা মথা প্রধান প্রদ্যোত কিশোর মানিক্য দেববর্মন, আগামী ১৯শে আগস্ট মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য বাহাদুরের জন্মবার্ষিকীকে সামনে রেখে রাজ্যে একতা, ভালোবাসা ও মানবিকতার বাতাবরণ গড়ে তোলার আহ্বান জানালেন। আজ সামাজিক মাধ্যমে এক ভিডিও বার্তায় তিনি বলেন, মহারাজা শুধু একজন রাজা ছিলেন না, তিনি ছিলেন একজন আধুনিক দৃষ্টিভঙ্গিসম্পন্ন পথপ্রদর্শক। তিনি জানান, ভারতের সংবিধান কার্যকর হওয়ার আগেই ত্রিপুরার নিজস্ব সংবিধান ছিল, যা মহারাজার প্রগতিশীল

মনোভাবের প্রমাণ। মহারাজার জন্মবার্ষিকীতে আগামী ১৯ আগস্ট সামাজিক কাজে এগিয়ে আসার পাশাপাশি নিজ নিজ গ্রাম পরিচ্ছন্ন রাখা, একে অপরের প্রতি ভালোবাসা ও সহানুভূতি প্রদর্শন করার অনুরোধ করেন তিনি।

***************************

**Naresh Jamatia :**

উপজাতি গনমুক্তি পরিষদের বীরচন্দ্রমনু অঞ্চল সম্মেলন আজ শান্তিরবাজার মহকুমার পতিছড়ির মুড়াসিং পাড়ায় অনুষ্ঠিত হয়। সম্মেলনে গনমুক্তি পরিষদের কেন্দ্রীয় কমিটির সভাপতি নরেশ জমাতিয়া, জিএমপির শান্তিরবাজার মহকুমা সম্পাদক পরীক্ষিত মুড়াসিং প্রমুখ বক্তব্য রাখেন।

**************************

**Blood Donation :**

সি আই টি ইউ জিরানীয়া মহকুমা কমিটির উদ্যোগে আজ কমিটির অফিসে রক্তদান - মরণোত্তর দেহদান ও চক্ষুদান শিবিরের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার সহ অন্যান্য নেতৃবৃন্দ। শ্রী সরকার বলেন জীবন বাঁচাতে রক্তদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি বলেন রক্ত তৈরি করা যায় না, তাই পর্যাপ্ত এবং নিরাপদ রক্ত সরবরাহ বজায় রাখার জন্য স্বেচ্ছায় রক্তদান অবশ্যক। তিনি অঙ্গ প্রতিস্থাপনের জন্য অঙ্গ দানের ওপর গুরুত্ব আরোপ করেন। শিবিরে ৪০ জন রক্তদান করেন।

**************************

**CM-GB :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ জিবি হাসপাতালে গিয়ে বরিষ্ঠ সাংবাদিক সত্যব্রত চক্রবর্তীকে দেখে এসেছেন। শারীরিক অসুস্থতাজনিত কারণে শ্রী চক্রবর্তী জিবি হাসপাতালের আই.সি.ইউ-তে চিকিৎসাধীন

রয়েছেন। মুখ্যমন্ত্রী শ্রী চক্রবর্তীর শারীরিক অবস্থা সম্পর্কে চিকিৎসকদের কাছ থেকে অবগত হন।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ 'ভোকাল ফর লোকাল'-বা স্থানীয় পণ্যের প্রচারের উপর জোর দিয়েছেন। তিনি ভারতে তৈরি পণ্যের ওপর জনগণকে আস্থা রাখার আহ্বান জানিয়েছেন। নতুন দিল্লিতে প্রায় ১১ হাজার কোটি টাকা মূল্যের দুটি প্রধান জাতীয় মহাসড়ক প্রকল্পের উদ্বোধন করে শ্রী মোদী বলেন, ভারতকে আরও শক্তিশালী করতে এবং ভারতকে আত্মনির্ভর করতে চক্রধারী মোহনের পথ অনুসরণ করতে ও জনগণকে চক্রধারী মোহনের কাছ থেকে অনুপ্রেরণা নিতে হবে।

#####Byte-PM####

তিনি আরও বলেন যে, পরবর্তী জিএসটি সংস্কারগুলি দেশজুড়ে নাগরিকদের জন্য দ্বিগুণ সুবিধা বয়ে আনবে।

শ্রী মোদী বলেন, দ্বারকা এক্সপ্রেসওয়ের দিল্লি অংশ এবং নগর সম্প্রসারণ সড়ক-২ উদ্বোধনের মাধ্যমে এনসিআর জুড়ে যোগাযোগ ব্যবস্থা এক বিরাট অগ্রগতি লাভ করবে। তিনি বলেন, দিল্লি এনসিআরের মানুষ এর ফলে ব্যাপকভাবে উপকৃত হবেন এবং তাদের যাতায়াতের সময়ও সাশ্রয় হবে।

প্রধানমন্ত্রী বলেন যে তাঁর সরকারের জন্য সংস্কার মানে সুশাসনের প্রসার। তিনি আরও বলেন যে তাঁর সরকারের নিরন্তর প্রচেষ্টা হল মানুষের জীবনযাত্রাকে সহজ করা। দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

*************************

**Subhanshu Sukla :**

ভারতের মহাকাশ নায়ক, গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লা আজ ভোরে দিল্লির আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছানোর পর তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানানো হয়। বিমানবন্দরে তাঁকে অভ্যর্থনা জানান কেন্দ্রীয় মন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং, দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা এবং ইসরোর চেয়ারম্যান ডঃ ভি. নারায়ণন। বিমানবন্দরে তাঁর স্ত্রী এবং ছেলেও উপস্থিত ছিলেন। আন্তর্জাতিক মহাকাশ স্টেশন পরিদর্শনকারী প্রথম ভারতীয় হিসেবে ইতিহাস তৈরি করার পর, শুভাংশু শুক্লা শারীরিক অভিযোজনের জন্য কিছুদিন মার্কিন যুক্তরাষ্ট্রে ছিলেন।

তিনি নাসার অ্যাক্সিওম-4 মিশনের পাইলট ছিলেন, যেটি গত ২৫শে জুন ফ্লোরিডার কেনেডি স্পেস সেন্টার থেকে উৎক্ষেপণ করা হয়। মিশনের সময়, শুক্লা মহাকাশে বৈজ্ঞানিক গবেষণাকে এগিয়ে নেওয়ার লক্ষ্যে যুগান্তকারী মাইক্রোগ্র্যাভিটি পরীক্ষা-নিরীক্ষা করেন। গত মাসের ১৫ তারিখে তিনি নিরাপদে পৃথিবীতে ফিরে আসেন।

*****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৫তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

**************************

**Potter, SHG :**

নিজের উদ্যম, ইচ্ছা শক্তি থাকার পাশাপাশি সরকারি সাহায্য ও সহযোগিতায় একটি স্ব- সহায়ক দল আজকের দিনে আত্মনির্ভর হতে পারে খুব সহজেই। যার প্রকৃত উদাহরণ খোয়াই লাল ছড়ার বাসিন্দা তথা মহিলা মৃৎশিল্পী নমিতা রুদ্র পাল। তিনি আজ থেকে সতেরো বছর আগে "আলোর দিশারী" স্ব- সহায়ক দল গঠন করে প্রতিমা তৈরীর কাজ শুরু করেন। আজ তিনি নিজে যেমন আত্মনির্ভর হয়েছেন ঠিক তেমনি আরোও ১৫ জন মহিলাকে আত্মনির্ভর হওয়ার পথ দেখাচ্ছেন।

#######Byte-Namita Rudra Pal######

***************************

**Preeti Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের উদ্যোগে আজ কলকাতার দুই বড় দল ইস্টবেঙ্গল ও মোহনবাগানের প্রাক্তন ফুটবলারদের মধ্যে এক প্রীতি ফুটবল ম্যাচ আগরতলায় অনুষ্ঠিত হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে মুখ্যমন্ত্রী

প্রফেসার ডা. মানিক সাহা নৈশালোকে অনুষ্ঠিত এই খেলার বল-এ পা লাগিয়ে সূচনা করেন। উপস্থিত ছিলেন ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, সর্বভারতীয় ফুটবল ফেডারেশনের সভাপতি কল্যাণ চৌবে, পদ্মশ্রী অলিম্পিয়ান দীপা কর্মকার, টিএফএ সভাপতি প্রণব সরকার সহ কর্মকর্তারা। পরে দুইদলের মধ্যে খেলা হয়। এই প্রীতি ম্যাচকে কেন্দ্র করে মাঠে প্রচুর দর্শকের সমাগম হয়।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম, দক্ষিণ, গোমতী, খোয়াই, সিপাহীজলা ও ধলাই জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৪ ডিগ্রি সেলসিয়াস।

*******************************